এইচআরডি কোরিয়া

# 「 অবসরভাতা খসড়া হিসাব সাপোর্ট 」

# EPS মোবাইল সেবা( App ) ম্যানুয়েল

2015. 10.

한국산업인력공단
HUMAN RESOURCES DEVELOPMENT SERVICE OF KOREA

এইচআরডি কোরিয়া

# সূচীপত্র


Ⅰ. EPS সদস্য নিবন্ধন ও এ্যাপ ডাউনলোড······ 1

Ⅱ. EPS মোবাইল সেবা(App) ব্যবহার পদ্ধতি··· 2

1. লগইন ও কোম্পানির সাইজ পছন্দ············································· 3

2. ডিপার্টচার গ্যারেন্টী ইনস্যুরেন্স এর সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান··· 4

3. অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট খসড়া হিসাব······························ 5

Ⅲ. সতর্কতার বিষয় ................................ 6

## Ⅰ. EPS সদস্য নিবন্ধন এবং এ্যাপ ডাউনলোড

< EPS মোবাইল ব্যবহার প্রক্রিয়া >

| ① সদস্য নিবন্ধন | | ②“এ্যাপ(App)” ডাউনলোড | | ③“এ্যাপ(App)” রান |
|---|---|---|---|---|
| এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (EPS) সদস্য নিবন্ধন ও প্রকৃত নাম সত্যকরণ | ➡ | প্লেস্টোর বা এ্যাপস্টোর হতে EPS এ্যাপ ডাউনলোড | ➡ | ডাউনলোডকৃত EPSএ্যাপ(APP)রান |

**☐ ইপিএস হোমপেইজ সদস্য নিবন্ধন**

**☐ “এ্যাপ(App)” ডাউনলোড**

○ (অ্যান্ড্রয়েড) ‘①play Store’ এ সংযোগ → ‘②EPS অনুসন্ধান → ③এ্যাপ ইনস্টল → ইনস্টল সম্পূর্ণ

| ① প্লেস্টোরে সংযোগ | | ② “এ্যাপ(App)” ডাউনলোড | | ③ “এ্যাপ(App)” ইনস্টল সম্পূর্ণ |
|---|---|---|---|---|
|  | ➡ |  | ➡ |  |







외국인고용관리

○ (IOS) ‘①এ্যাপ স্টোর’ এ সংযোগ → ‘②EPS অনুসন্ধান → ③এ্যাপ ইনস্টল → ইনস্টল সম্পূর্ণ

| ① সদস্য নিবন্ধন | | ② “এ্যাপ(App)” ডাউনলোড | | ③ “এ্যাপ(App)” ইনস্টল সম্পূর্ণ |
|---|---|---|---|---|
|  | ➡ |  | ➡ |  |





외국인고용관리

## ।।. EPS মোবাইল সেবা(App) ব্যবহার পদ্ধতি

- ◆ মোবাইল এ্যাপ সেবাটি অবসর (সম্ভাব্য) শ্রমিককে অবসরভাতা খসড়া হিসাব করতে জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে
- ◆ বেতনের পরিমাণ ও চাকরির বয়স, কোম্পানির সাইজ (সর্বোচ্চ ৪জন বা সর্বনিম্ন ৫জন) না জানা থাকলে অবসরভাতার সঠিক হিসাব করা অসম্ভব, এবং ব্যালেন্স অ্যামাউন্টও গরমিল হতে পারে।
  -তাই, শ্রমচুক্তিপত্র, বেতন রশিদ প্রভৃতি প্রামানিক কাগজপত্র দেখে মালিক ও শ্রমিক একসাথে বসে অবসরভাতা হিসাব করা সবচেয়ে ভাল
- ◆ **অবসরভাতার পরিমাণ নিয়ে মতানৈক্য থাকলে আঞ্চলিক লেবার অফিস এর সহায়তা নিয়ে নির্ভুলভাবে হিসাব করতে হবে**

### < EPS মোবাইল সেবা ব্যবহারের প্রক্রিয়া >

| ① লগইন ও কোম্পানির সাইজ পছন্দ | | ② ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্স এর সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান | | ③ অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট খসড়া হিসাব |
|---|---|---|---|---|
| লগইন এর পর কোম্পানির সাইজ পছন্দ (সর্বোচ্চ ৪জন, সর্বনিম্ন ৫জন) | ➡ | অবসরের (সম্ভাব্য) তারিখ এর ভিত্তিতে ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান | ➡ | অবসরভাতা ও অবসরভাতার ব্যালেন্স অ্যামাউন্ট খসড়া হিসাব (অবসরভাতা – বীমার সম্ভাব্য প্রাপ্য টাকা) |
|  | ➡ |  | ➡ |  |

## ১. লগইন ও কোম্পানির সাইজ পছন্দ

○ মোবাইল এ্যাপসেবা-তে লগইন করে কোম্পানির সাইজ পছন্দ করে ①ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান → ② অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট হিসাব প্রক্রিয়া ধরে অগসর হোন

| |
|---|
| ⁕ শ্রমিকের অবসরভাতা নিশ্চয়তা আইন এর ধারা ৮ অনুযায়ী ৪জন বা তার কম নিয়মিত শ্রমিক আছে এমন কোম্পানি '১০.১২.১ তারিখের পর থেকে অবশ্যই অবসরভাতা প্রদান করতে হবে। |
| ⁕ এছাড়াও একই আইনের উপধারা ৮ অনুযায়ী মালিক '১০.১২.১ তারিখ থেকে '১২.১২.৩১ তারিখ পর্যন্ত অবসরভাতার ৫০%, '১৩.১.১ এর পর থেকে অবসরভাতার ১০০% প্রদান করতে হবে। |

### < কোম্পানির সাইজ পছন্দের পদ্ধতি>

| |
|---|
| ※ "◎" হলো নিম্নের রেফারেন্স চিত্রের অবস্থান। |
| ◇ ১ম ধাপ: "①EPS লগইন" ⁕ সদস্য নিবন্ধনের পক্রিয়ার জন্য পরিশিষ্ট ১ দেখুন |
| ※ লগইন করার সময় স্বয়ংক্রিয়ভাবে বিদেশী শ্রমিকের মাতৃভাষা পছন্দ হয়ে যাবে। |
| ◇২য় ধাপ: "②EPS অবসরভাতা খসড়া হিসাব" বাটন ক্লিক |
| ◇৩য় ধাপ: কোম্পানির সাইজ অনুযায়ী "③ ৪জন বা তার কম, ৫জন বা তার বেশি" কিনা পছন্দ করুন |
| ※ কোম্পানির সাইজ পরিবর্তন করার জন্য আবার মেইন স্ক্রীনে গিয়ে কোম্পানির সাইজ পুনরায় পছন্দ করুন |
| ⇒ এরপর "ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান" স্ক্রীনে যান |

< চিত্র ১ > মেইন স্ক্রীন



## ২. ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান

◯ নিম্নের পদ্ধতি অনুসরণ করে মালিক বা শ্রমিক নিজে অবসর গ্রহনের তারিখ বা ভিসার মেয়াদ শেষ (সম্ভাব্য) হওয়ার তারিখের ভিত্তিতে ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ জেনে নিতে পারবে।

### < ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধানের পদ্ধতি >

※ “◎” হলো নিম্নের রেফারেন্স চিত্রের অবস্থান।

◇**১ম ধাপ: (বিদেশী)** শ্রমিক নিজে যেখানে কাজ করেছিল সেই “① কোম্পানির নাম পছন্দ” করবে

**(মালিক)** “①সংশ্লিষ্ট শ্রমিক (যার সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ জানতে চাচ্ছেন) এর নাম পছন্দ” করুন

◇**২য় ধাপ: “②অবসরের (সম্ভাব্য) তারিখ**⁎ ইনপুট করে “হিসাব” বাটন ক্লিক

⁎ অবসর গ্রহনের (সম্ভাব্য) তারিখটি বিদেশী শ্রমিক নিজে ইনপুট করেত হবে, এবং নিয়োগ পরিবর্তন রিপোর্ট করে থাকলে ‘ঘটনার তারিখ’ প্রদর্শিত হয়, যা ক্লিক করলে **স্বয়ংক্রিয়ভাবে ইনপুট হয়ে যাবে।**

◇ **৩য় ধাপ:** অবসর গ্রহনের (সম্ভাব্য) তারিখের ভিত্তিতে “③ ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ ” প্রদর্শিত হবে

⇒ **এরপর “অবসরভাতা খসড়া হিসাব” স্ক্রীনে যাবে**

< চিত্র ২ > ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান

< বিদেশী শ্রমিক >




< মালিক >



## ৩. অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট খসড়া হিসাব

○ নিম্নের পদ্ধতি অনুসরণ করে মালিক বা শ্রমিক নিজে **মোট বেতনের পরিমাণ ও অবসর গ্রহনের তারিখ(বা সম্ভাব্য অবসরের তারিখ) ইনপুট করে অবসরভাতা হিসাব** করতে পারবে।

○ ‘ ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান’ করার ‘অবসরভাতা হিসাব’ প্রক্রিয়াটি স্বাভাবিকভাবে চললে অবসরভাতার ব্যালেন্স অ্যামাউন্ট **স্বয়ংক্রিয়ভাবে হিসাব হবে**

**< অবসরভাতার ব্যালেন্স অ্যামাউন্ট হিসাব পদ্ধতি >**

◇ **অবসরভাতার ব্যালেন্স অ্যামাউন্ট** = “অবসরভাতা” – “ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ”

**< অবসরভাতা হিসাবের পদ্ধতি >**

※ “◎” হলো নিম্নের রেফারেন্স চিত্রের অবস্থান।

◇**১ম ধাপ: (বিদেশী)** শ্রমিক নিজে যেখানে কাজ করেছিল সেই “① কোম্পানির নাম পছন্দ” করবে
**(মালিক)** “①সংশ্লিষ্ট শ্রমিক (যার সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ জানতে চাচ্ছেন) এর নাম পছন্দ” করুন

◇ **২য় ধাপ:** পছন্দকৃত কোম্পানি স্ক্রীনে “②**চাকরির বয়স* ইনপুট**” করুন

* **প্রমিত শ্রমচুক্তিতে উল্লেখিত কাজ শুরুর দিনটি হলো চাকরির বয়স আরম্ভের দিন, আর অবসরে গিয়ে থাকলে নিয়োগ পরিবর্তনের কারন সংঘটনের তারিখটি হলো অবসর গ্রহনের তারিখ, যা এমনিতেই প্রদর্শিত হবে এবং এটি সংশোধনযোগ্য**

* চাকরির বয়স ১বছরের কম হলে অবসরভাতা পাওয়া যাবে না মর্মে নোটিশ দেখা যাবে, এবং অবসরভাতা হিসাব করা সম্ভব হবেনা

◇ **৩য় ধাপ:** “③অবসরের পূর্বের ৩মাসের মোট বেতনের পরিমাণ*কে মাসওয়ারি ইনপুট করুন

◇ **৪র্থ ধাপ:** “④অবসরভাতা খসড়া হিসাব” বাটনটি ক্লিক করলে অবসরভাতা হিসাব কষে যাবে

< চিত্র ৩: অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট হিসাব স্ক্রীন >

<বিদেশী শ্রমিক>




< মালিক >



## III. সতর্কার বিষয়

### □ অবসরভাতা খসড়া হিসাব পদ্ধতি

○ বিদেশী শ্রমিক যতবার কোম্পানি থেকে অবসর (সম্ভাব্য) গ্রহন করবে ততবার ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান ও অবসরভাতা হিসাব করতে হবে।

- **ইনপুট করা বেতনের পরিমাণ ও চাকরির বয়সের ভিত্তিতে অবসরভাতার পরিমাণ কমবেশ হতে পারে, সুতরাং " পরিশিষ্ট ২ – অবসরভাতা হিসাবকালে সতর্কতা" দেখে** নিজের বেতনের পরিমাণ ও চাকরির বয়স সঠিকভাবে জেনে ইনপুট করত হবে।

○ অবসরভাতা থেকে ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ বিয়োগ করে ব্যালেন্স অ্যামাউন্ট বের করার পর **মালিকের কাছে সে ব্যালেন্স অ্যামাউন্ট দাবি** করতে হবে।

⇒ **অবসরভাতা নিয়ে মতানৈক্য এড়াতে** মালিক ও শ্রমিক উভয়ে মিলে শ্রমচুক্তিপত্র, বেতনের রসিদ ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে অবসরভাতা হিসাব করাই শ্রেয়

### □ অবসরভাতার ব্যালেন্স অ্যামাউন্ট ক্রস চেক এবং অধিকার আদায় প্রক্রিয়া

○ বিদেশী শ্রমিক তার হিসাব করা সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ, অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট এর বিবরণটি **মালিকের কাছে উপস্থাপন করে ব্যালেন্স অ্যামাউন্টটি দাবি** করবে

○ শ্রমিক অবসরভাতার ব্যালেন্স অ্যামাউন্ট দাবি করলে **মালিক "EPSমোবাইল সেবা"** ব্যবহার করে সংশ্লিষ্ট শ্রমিকের ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের সম্ভাব্য প্রাপ্য টাকার পরিমাণ অনুসন্ধান, অবসরভাতা ও ব্যালেন্স অ্যামাউন্ট হিসাব করে নিতে পারে

- **শ্রমিক ব্যালেন্স অ্যামাউন্টের দাবিদার হলে** তার **অবসর (কোরিয়া ত্যাগ) এর পূর্বে মালিক সেই ব্যালেন্স অ্যামাউন্ট পরিশোধ** করতে হবে

* '১৪.৭.২৯ তারিখে সংশোধিত বিদেশী শ্রমিক নিয়োগ সংক্রান্ত আইনটি কার্যকর হওয়ার পর থেকে ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের টাকাটা শ্রমিক কোরিয়া ত্যাগের পর পরিশোধ হয়, তবে ব্যালেন্স অ্যামাউন্টটি শ্রমিক কোরিয়ায় থাকাকালে উত্তোলন করতে পারে।

○ **মালিক ব্যালেন্স অ্যামাউন্ট পরিশোধ করতে রাজি না হলে** শ্রমিক **সেই এলাকার আঞ্চলিক শ্রম দপ্তরে পিটিশন বা অভিযোগ** দায়ের করতে পারে।

### □ ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের টাকা দাবি ও উত্তোলনের প্রক্রিয়া

○ বিদেশী শ্রমিক বীমা কোম্পানিতে ডিপার্টচার গ্যারেন্টি ইনস্যুরেন্সের টাকা দাবির আবেদনপত্র জমা দিয়ে **কোরিয়া ত্যাগের পর ১৪দিনের ভেতর তার নিজ দেশে ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে বীমার টাকা উত্তোলন করতে পারে**

○ তবে, শ্রমিক যদি **বিমা দাবির আবেদনপত্রে বীমার টাকা উত্তোলনের পদ্ধতির মধ্যে "বিমান বন্দরে নগদ উত্তোলন" পছন্দ** করে থাকে তাহলে **ইমিগ্রেশন ডেস্ক পার হওয়ার পর মানি এক্সচেঞ্জ সেন্টার হতে নগদে উত্তোলন** করতে পারে।